রূপসী বাংলার ২য় বর্ষপূর্তি উৎসব ও সম্মাননা স্মারক প্রদান

দিনভর নানা আয়োজনের মধ্যদিয়ে স্মরণীয় করে রাখা হলো দর্শনা রূপসী বাংলা সোসাইটি’র ২য় বর্ষপূর্তি উৎসব। ২০১৯ সালের ১ ডিসেম্বর পথচলা শুরু হয় রূপসী বাংলা সোসাইটির। গুটি গুটি পায়ে সফলভাবে এ সংস্থার কার্যক্রম অতিবাহিত হয়েছে।

২ বছর পেরিয়ে ৩ বছরে পথচলায় শুক্রবার দিনভর অনুষ্ঠিত হয় বর্ষপূর্তি উৎসব। সকালে সংস্থার দর্শনা আজমপুরস্থ কার্যালয় থেকে বের করা হয় বর্ণাঢ্য র্যালি। দুপুরে মহ্নাভোজ শেষে বিকাল সাড়ে ৩ টায় কাটা হয় কেক। এর আগে অতিথিদের ফুলেল শুভেচ্ছা সহ বরণ করে রূপসী বাংলা পরিবারের সদস্যরা।

অনুষ্ঠিত সংক্ষিপ্ত আলোচনা পর্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দর্শনা মুক্তি ক্লিনিকের পরিচালক ডাঃ রফিকুল ইসলাম, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফার“ক আরিফ, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আ. হান্নান ছোট, দর্শনা পৌর প্যানেল মেয়র রবিউল হক সুমন, কবি ও সাহিত্যিক আবু সুফিয়ান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, দৈনিক মাথাভাঙ্গা স্টাফ রিপোটার আলম আশরাফ, দর্শনা রিকশা শ্রমিক ইউনিয়নের সভাপতি হবা জোয়ার্দ্দার।

সভায় বক্তারা বলেন, রূপসী বাংলা খুব অল্প সময়ে মানুষের ভালোবাসা অর্জন করতে সক্ষম হয়েছে। বেশ সুনামের সাথেই চলছে তাদের কার্যক্রম। পিছিয়ে পড়া মানুষকে এগিয়ে নিতেই নিরলস কাজ করে যাচ্ছে এ সংস্থার সকলে। রূপসী বাংলার সুনাম অক্ষুন্ন রাখতে দায়িত্ববান হতে হবে, কাজ করতে হবে আন্তরিকতার সাথে।

রূপসী বাংলা সোসাইটির নির্বাহী পরিচালক হার“ন রাজুর সভাপতিত্বে সভায় আরো উপস্থিত ছিলেন, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক মিনহাজ উদ্দিন, দর্শনা সোসাইটির ব্যবস্থাপক (সার্বিক) আরাফাত হোসেন মিস্টার, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, সৌদি প্রবাসী বিল্লাল হোসেন, আ. হান্নান, জাহাঙ্গীর আলম, সাংবাদিক ইয়াছিন জুয়েল, কার্ত্তিক সাহা, সিরাজুল ইসলাম, হাবিবুর রহমান, আ. হালীম, আ. মজিদ, আ. কাদের, আনার“ল ইসলাম, আ. রহমান।

রূপসী বাংলা সোসাইটির ব্যবস্থাপক মাহমুদ হাসান রণির উপস্থাপনায় অন্যান্যের মধ্যে আরো উপস্থিত ছিলেন, রোকেয়া খাতুন কেয়া, আসমা আরা শিখা, জোসনা খাতুন, সাদিয়া জামান মিম, নুসরাত জাহান মেঘলা, সুগন্ধা, আমেনা খাতুন, বৃষ্টি খাতুন, মিম আক্তার সাথী, ফারহানা খাতুন, নয়ন, সবুজ, মুন্না, আকাশ, রিমঝিম, তনতু, শাওন, প্রমুখ। আলোচনা পর্ব শেষে সংস্থার ৩২ জন গর্বিত সদস্যের হাতে সম্মাননা স্মারক তুলে দেন অথিতিরা।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪৩৬ তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি ১৪৩৬তম আসর অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সাড়ে পাঁচ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে শহীদ আলাউল হলে স্বাস্থ্যবিধি মেনে সাহিত্য আসর ‘পদধ্বনি’ অনুষ্ঠিত হয়।

১৪৩৬তম এই আসরে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলালের সভাপতিত্বে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারন সম্পাদক নজির আহমেদের প্রাণবন্ত উপস্থাপনায় স্বরচিত লেখা পাঠ করেন নাট্যজন মোঃ আলাউদ্দীন,ডাঃ হেদায়েত উল্লাহ, জামাল উদ্দীন, আনছার আলী, সার্থক আলীম,আব্দুল হামিদ,রতন কুমার শর্মা,মুর্শিদ,হারুন অর রশিদ, মাসুদ রানা,তৌহিদ আকবর অন্তু,সালমা খাতুন,রাবেয়া খাতুন লিমু।চিয়ারত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন ফারিব আমির ফারাহ।গজল পরিবেশন করেন আমিরুল ইসলাম।

সাহিত্য আসরে আরও উপস্থিত ছিলেন আব্দুর রাজ্জাক, হোসেন মোহাম্মদ ফারুক, সুমন ইকবাল, গোলাম কবীর মুকুল, গিয়াস উদ্দীন টিটোন, ডাঃ তোফাজ্জেল হোসেন, হোসেন জাকির, আসাদুজ্জামান আসাদ প্রমৃখ। চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদে সভাপতি কবি নজমুল হেলাল বিশিষ্ট গবেষক, বাংলা একাডেমির সভাপতি এবং জাতীয় অধ্যাপক রফিকুল ইসলামের মৃত্যুতে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জানান এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে সাহিত্য আসরের

সমাপনী ঘোষণা করেন।

কালীগঞ্জ রাইডার্স গ্রুপের দিনব্যাপী সড়ক জনসচেতনতা মূলক কার্যক্রম পালিত

ঝিনাইদহের কালীগঞ্জ রাইডার্স গ্রুপের সদস্যরা, সড়কে সচেতনতা বৃদ্ধির লক্ষে ও পাচ হাজার সদস্য পূর্তি উপলক্ষে সারাদিন ব্যাপী বিভিন্ন কার্যক্রম পালন করেছে।

শুক্রবার সকাল দশটায় কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এ গ্রুপের সিনিয়র সদস্য তৌহিদুল ইসলামের সভাপতিত্বে এক পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় সড়ক সচেতনতা নিয়ে বক্তৃতা রাখে, গ্রুপের এডমিন লিসান হোসেন, নিরাপদ সড়ক চাই কালীগঞ্জ শাখার যুগ্ম আহবায়ক ও সাংবাদিক তানজির রহমান, ব্লাড ব্যাংক অফ কালীগঞ্জের সভাপতি স্বাধীন ইসলাম সহ আরো অনেকে।

পথসভা শেষে হেলমেট বিহীন বাইকারদের মাঝে সচেতনতা মূলক লিফলেট দেওয়া হয় এবং হেলমেট পরিহিত দের পুরস্কার স্বরুপ চাবির রিং উপহার দেয় গ্রুপের সদস্যরা।

বিকালে পাচ হাজার সদস্য পূর্তি উপলক্ষে কেক কাটা হয়। অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা করে ডিজিটাল মোবাইল হাউজ। উক্ত অনুষ্ঠানে প্রায় দেড় শতাধিক রাইডার্স অংশগ্রহণ করে।

আলমডাঙ্গায় ইউপি সদস্যদের বিজয়ী করার প্রতিশ্রুতি দিয়ে অর্থ আদায় আ.লীগ নেতার

আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা আসন ও এক ওয়ার্ড সদস্যকে নির্বাচিত করে দেয়ার প্রতিশ্রুতি দিয়ে অর্থ আদায়ের অভিযোগ উঠেছে। এই দুই প্রার্থী নির্বাচনে পরাজিত হলে টাকা ফেরত দিতে বাধ্য হয়েছেন জেহালা ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার।

টাকা ফেরতের বিষয়টি নির্বাচনের ফলাফল ঘোষনা পরদিন ঘটলেও ৩ ডিসেম্বর এলাকায় জানাজানি হয়। এতে জেলাজুড়ে আলোচনা সমালোচনার ঝড় বইছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার ১৩ টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয় গত (২৮নভেম্বর)। এ নির্বাচনে জেহালা ইউনিয়নের সংরক্ষিত মহিলা (৪,৫,৬) আসনে অংশ নেয় সানজিদা খাতুন। এছাড়াও ৬ নম্বর ওয়ার্ডের মেম্বার প্রার্থী আব্দুল মজিদ নির্বাচন করেন। পুলিশ প্রশাসন ও প্রিজাইডিং অফিসারদের ম্যানেজ করে বিজয় করে দিতে প্রতিশ্রুতি দেয় ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হান্নান মাস্টার। এ কারণে সংরক্ষিত মহিলা মেম্বার সানজিদার নিকট থেকে ৩০ হাজার ও মেম্বার প্রার্থী আব্দুল মজিদের নিকট থেকে টাকা নেয়। টাকা নিলেও দুজনই নির্বাচনে পরাজিত হয়। এ বিষয়টি জানাজানি হলে টাকা ফেরৎ দিতে তৎপর হয় হান্নান মাস্টার।

এ বিষয়ে আব্দুল হান্নান মাষ্টার দাবি করেন, আমার বিরুদ্ধে মিথ্যা অপবাদ দেয়া হচ্ছে। আমি নোংরা রাজনীতির শিকার। নির্বাচনে বিজয়ের জন্য নয়, স্বেচ্ছায় এই দুই প্রার্থী ক্লাব বাবদ ও কর্মীদের জন্য টাকা দিয়েছিল। আমি টাকা নিতে না চাইলেও তারা জোর করে দিয়েছে। পরে তাদের আমানত (টাকা) আমার ফেরত দিয়েছি।

জেহালা ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য আব্দুল মজিদ বলেন, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নসহ এক যোগে ১৩ ইউনিয়নের তফসিল ঘোষণার পর আমি ৬ নং ওয়ার্ডের মেম্বার প্রার্থী হিসেবে নির্বাচনে দাঁড়ায়। তার কয়েকদিন পর আমাকে বিজয়ী করে দেয়ার প্রতিশ্রুতি দেন জেহালা ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক আব্দুল হান্নান। বিনিময়ে

আমার নিকট থেকে নগত ২০ হাজার টাকা নেন তিনি। গত ২৮ নভেম্বর অনুষ্ঠিত নির্বাচনের ফলাফল ঘোষনার পর আমি ভোটে পরাজিত হয়। রাতে বিষয়টি জানাজানি হলে পরদিন টাকা ফেরত দেন হান্নান মাষ্টার।

অপরদিকে, জেহালা ইউনিয়নের গোবিন্দপুর গ্রামের সানজিদা খাতুন সংরক্ষিত (৪,৫,৬) নং ওয়ার্ড এর প্রার্থী হিসেবে এই প্রথম নির্বাচনে দাড়ান। তিনি বলেন, আব্দুল হান্নান মাস্টার প্রতিশ্রুতি দিয়েছিলেন ভোটের মাঠে কারো কাছে ভোট চাইতে হবে না। সবাইকে ম্যানেজ করে বিপুল ভোটে বিজয়ী করা হবে। আপনার বিজয় সুনিশ্চিত। আমার নিকট থেকে ৩০ হাজার টাকা আদায় করে। পরে নির্বাচনের ফলাফল প্রকাশ হলে আমার টাকা ফেরত দেন আব্দুল হান্নান। এদিকে এঘটনা জানাজানি হলে উপজেলাসহ জেলাজুড়ে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়। ইউপি সদস্যদের নির্বাচিত করে দেয়ার প্রতিশ্রুতি দিয়ে অর্থ আদায়ের গুঞ্জনে এলাকায় সরব আলোচনা সমালোচনার ঝড় উঠেছে।

এ বিষয়ে জানতে জেহালা ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার বলেন, আমার বিরুদ্ধে যে অভিযোগটি করা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। সমাজের চোখে আমাকে হেয় প্রতিপন্ন করার জন্য এসব কুৎসা রটনা করে আসছে এক শ্রেণির অসাধু লোকজন। দুই প্রার্থী এই প্রতিবেদকের নিকট টাকার নেয়ার পর ফেরত দেয়ার বিষয়টি স্বীকার করেছেন বলে জানালে তিনি বলেন, আব্দুল মজিদের নিকট থেকে নির্বাচনে বিজয়ী করার জন্য টাকা নেইনি। আমাদের একটা ক্লাব আছে। ওই ক্লাবের উন্নয়নের জন্যেই সে নিজেই ২০ হাজার টাকা দিয়েছিল। পরে আমি টাকাটা ফেরত দিয়েছি। অপর মহিলা প্রার্থী সানজিদা খাতুনও স্বেচ্ছায় এলাকার ছেলেদের জন্য দিয়েছিল। আমি নিতে চাইনি। পরে তার টাকা আমারা ফেরত দিয়েছি।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল বলেন, নির্বাচনের পর মানুষ অনেকে অনেক কথায় বলে থাকেন। বিষয়টি আদৌও সঠিক কিনা দেখতে হবে। আমাদের কাছে কেউ কোন অভিযোগ করেনি। কেউ অভিযোগ করলে তদন্তের পর ঘটনার সত্যতা পেলে সংগঠন থেকে ব্যবস্থা নেয়া হবে।

কালীগঞ্জে প্রতিবন্ধী দিবস পালিত

কালীগঞ্জের মোঃ আনোয়ারুল আজিম ও আলহাজ্ব বদরউদ্দীন বিশেষ চাহিদা সম্পন্ন বিদ্যালয়ে বিশ্ব ও জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে ১০ টায় ঝিনাইদহের কালীগঞ্জ মোঃ আনোয়ারুল আজীম ও আলহাজ্ব বদরউদ্দীন বিশেষ চাহিদা সম্পন্ন বিদ্যালয়ে, সমাজসেবা অধিদপ্তরের অর্থায়নে, চ্যালেঞ্জার মানব উন্নয়ন সংস্থার উদ্যোগে ৩০ তম বিশ্ব ও ২৩ তম জাতীয় প্রতিবন্ধী দিবস পালন করা হয়।

বিদ্যালয় প্রধান শিক্ষক আজমিরা চৌধুরীর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন চ্যালেঞ্জার মানব উনয়ন সংস্থার সাধারন সম্পাদক সোহেল আহম্মদ। সভা পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারি শিক্ষক ও সাংবাদিক শাহ আলম।

কালীগঞ্জে সাংবাদিক আরিফ সড়ক দূর্ঘটনায় গুরুতর আহত

ঝিনাইদহের কালীগঞ্জ দৈনিক আজকালের খবর পত্রিকার কালীগঞ্জ প্রতিনিধি ও কালীগঞ্জ প্রেসক্লাবের অর্থ সম্পাদক সাংবাদিক আরিফ মোল্ল্যা সড়ক দুর্ঘটনায় আহত হয়েছেন।

জানা যায়, তিনি বৃহস্পতিবার দুপুরে পেশাগত দায়িত্ব পালন করে মটর সাইকেলযোগে কালীগঞ্জ শহরে ফিরছিলেন। পথিমেধ্যে কালীগঞ্জ-আড়পাড়া (মাগুরা) সড়কের বলরাম পুর বাজারের নিকটে আসলে সামনে থেকে বেপরোয়া গতির একটি ইজিবাইক তার মটর সাইকেলে সজোরে আঘাত করে। এ সময় মটর সাইকেলটি দুমড়ে মুচড়ে যায়। সাথে সাথে তিনি পাকা সড়কে আছড়িয়ে পড়লে তার ডান পা চুর্ণ বিচুর্ণ হয়ে যায়। পরে সহকর্মীরা

তাকে উদ্ধার করে প্রথমে কালীগঞ্জ ও পরে যশোর পঙ্গু হাসপাতালে নিয়ে ভর্তি করে।

আরিফ মোল্যার আহত হওয়ার খবর পেয়ে তার সহকর্মী কালীগঞ্জের কর্মরত সাংবাদিকসহ সুধীমহল কালীগঞ্জ হাসপাতালে ভীড় করেন। পরে প্রচন্ড রক্তক্ষরনে তার অবস্থার অবনতি হলে তাকে চিকিৎসকেরা যশোর পঙ্গু হাসপাতালে রেফার্ড করেন।
যশোর পঙ্গু হাসপাতালের পরিচালক ডাঃ এ এইচ এম আব্দুর রউফ জানিয়েছেন, সাংবাদিক আরিফের ডান পায়ের হাঁটু চুর্ণ বিচূর্ণ হয়ে গেছে। তার শরীর থেকে পর্যাপ্ত রক্তক্ষরন হয়েছে। এক কথায় তার অবস্থা গুরুতর। আজ রাতেই তার দুইটি অপারেশন করতে হবে। তিনি বলেন, ৭২ ঘন্টা পার না হলে কিছুই বলা যাবে না।

আরিফ মোল্যার সাথে থাকা সহকর্মি দৈনিক যুগান্তরের শাহরিয়ার আলম সোহাগ ও ৭১ টিভির কালীগঞ্জ প্রতিনিধি জানান, আপাতত ২ ব্যাগ রক্ত তারা নিজেদের শরীর থেকে দিয়েছেন। তারা জানান, বেপরোয়া গতির ইজিবাইক সরাসরি আঘাত করায় আরিফ মোল্যা আজ পঙ্গুর দারপ্রান্তে। তারা বলেন,হাসপাতাল কর্তৃপক্ষ বলেছেন আরিফ মোল্যার দুটি অপারেশনই ব্যয়বহুল।

কালীগঞ্জের কর্মরত সকল সাংবাদিক সহকর্মি আরিফ মোল্যার সুস্থতায় সকলের নিকট দোয়া প্রার্থনা করেছেন।দৈনিক নবচিত্রের প্রধান সম্পাদক আলহাজ্ব শহিদুল ইসলাম, উপদেষ্টা সম্পাদক মোস্তফা আব্দুল জলিলসহ নবচিত্র পরিবারও সাংবাদিক আরিফ মোল্ল্যার সুস্থতায় দোয়া কামনা করেছেন।

এছাড়াও দৈনিক প্রথম আলোর নিজস্ব প্রতিনিধি আজাদ রহমান,প্রেসক্লাব কালীগঞ্জের সভাপতি জাকারিয়া হোসেন, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি জামির হোসেন,সাংবাদিক নয়ন খন্দকার, আরিফের সুস্থতায় দোয়া কামনা করেছেন।

দামুড়হুদায় চুয়াডাঙ্গা-২ আসনের এমপির রোগ মুক্তি কামনায় দোয়া মাহফিল

দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির উদ্যোগে জাতীয় সংসদ সদস্য চুয়াডাঙ্গা-২ আসনের এমপি হাজী আলী আজগার টগরের রোগ মুক্তি কামনায় এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির আয়োজনে দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রি অফিসের সামনে দলিল লেখক সমিতি মিলনায়তনে বুধবার বেলা ১২ টার সময় উক্ত মিলাদ ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন দলিল লেখক সমিতির সভাপতি মোঃ সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ রেজাউল ইসলাম, সাব রেজিস্ট্রার অফিসের কেরানি আজিজুল রহমান কোষাধ্যক্ষ ও দৈনিক আকাশ খবর পত্রিকার দামুড়হুদা বুরো প্রধান মোঃ শমসের আলী, দামুড়হুদা প্রেসক্লাব সাধারন সম্পাদক বখতিয়ার হোসেন বকুল,যুগ্ন সম্পাদক হাবিবুর রহমান হাবীব, দলিল লেখক সমিতির সদস্য বৃন্দরা।

কোটচাঁদপুরে শহীদ বুদ্ধিজীবি ও বিজয় দিবসের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

শহীদ বুদ্ধিজীবি ও মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান

শরিফুন্নেছা মিকি। সভায় যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবি ও মহান বিজয় দিবস-২০২১ উদযাপনের প্রস্তুতি বিষয়ক আলোচনা করা হয়।

এ সময় সভায় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, উপজেলা কুষি অফিসার মহাসিন আলী, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, পৌরসভার প্যানেল মেয়র মোঃ জাহিদ হোসেন, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, আ.লীগ নেতা কাজী আলমগীর, উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক,সাংবাদিক সহ নানা শ্রেণী পেশার মানুষ।

ঝিনাইদহে কৃষকদের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ৬ হাজার ৮০০ কৃষকদের মাঝে বিনামুল্যে রাসায়নিক সার ও উচ্চ ফলনশীল ধানবীজ বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি বিভাগের আয়োজনে এ প্রনোদনা বিতরণ করা হয়।

সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত।

অনুষ্ঠান পরিচালনা করেন সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জুনাইদ হাবীব। কৃষি বিভাগ জানান, সরকারের রবি মৌসুমে প্রনোদনা কর্মসূচীর আওতায় বোরো উচ্চ ফলনশীল আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সদর উপজেলার ৬ হাজার ৮০০ কৃষকের প্রত্যেককে ২০ কেজি রাসায়নিক সার ও ৫ কেজি ধান বীজ বিতরণ করা হয়।

গাংনীতে স্বাস্থ্যবিধি, স্যানিটেশন ও নিরাপদ পানির ব্যবহার বিষয়ক কর্মশালা

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের জোড়পুকুরিয়া মধ্য পাড়া এলাকায় দিনব্যাপি স্বাস্থ্যবিধি, স্যানিটেশন ও নিরাপদ পানির ব্যবহার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর সহযোগীতায়, স্থানীয় স্বেচ্ছাসেবক গ্রাম উন্নয়ন দল ও ইয়ুথ ইউনিটের যৌথভাবে এ আয়োজনে করে।

সাহারবাটি ইউনিয়নের ১ নং ওয়ার্ড জোড়পুকুরিয়া গ্রামের ২৫০টি খানায় সহায়ক মোঃ রজিবুল ইসলাম উপস্থিত অংশগ্রহণকারীদের সাথে স্যানিটেশন, হাইজিন ও নিরাপদ পানি ব্যবহার সংক্রান্ত আলোচনা রাথেন।

কর্মশালায় ৩০ জন নারী পুরুষ তাদের স্বাস্থ্যবিধি, স্যানিটেশন,ও নিরাপদ পানি ব্যবহারের সুফল,ব্যবহার না করার কুফল সম্পর্কিত এবং অনুন্নত পরিবেশ পরিস্থিতি হতে পরিত্রাণ পেতে বিস্তারিত আলোচনা করা হয়।

এসময় দি হাঙ্গার প্রজেক্টের সাহারবাটি ইউনিয়ন সমন্বয়কারী আজিবর রহমান উপস্থিত ছিলেন।